



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
আইসিটি শাখা



বিষয়: ২০২১-২২ অর্থবছরের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত প্রথম সভার কার্যবিবরণী।

সভাপতি	ড. মহঃ শের আলী যুগ্মসচিব
সভার তারিখ	১৯ আগস্ট ২০২১
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	অনলাইন সিস্টেম
উপস্থিতি	রেকর্ডেড


২০২১-২২ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত প্রথম সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য-সচিব মোহাম্মাৎ ফারহানা রহমান (উপসচিব) সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে আলোচ্যসূচী অনুযায়ী কার্যক্রম তুলে ধরেন।

- ২। উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনার নিম্নবর্ণিত ০৮ (আট)টি কার্যক্রম সকলের মতামতের জন্য সভায় উপস্থাপন করা হয়:
- (১) ১.১.১: একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন;
  - (২) ১.২.১: একটি সেবা সহজিকরণ;
  - (৩) ১.৩.১: ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকরণ;
  - (৪) ১.৪.১: ইত:পূর্বে (২০২০-২১ অর্থবছর) বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা;
  - (৫) ১.৬.১: ৪র্থ শিল্প বিপ্লবের চালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহতিকরণ সভা/কর্মশালা;
  - (৬) ২.২.১: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ (১ম)
  - (৭) ২.২.২: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়;এবং
  - (৮) ২.২.৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন।
- ৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	বিবরণ	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
৩.১	আগামী ১৯ সেপ্টেম্বর ২০২১ তারিখে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ২য় সভা আয়োজন করতে হবে।	সদস্য-সচিব

৩.২	সেবা সহজিকরণ ও উদ্ভাবনী আইডিয়া সংগ্রহের জন্য প্রতিটি শাখায় পত্র প্রেরণ করতে হবে।	সদস্য সচিব
৩.৩	কার্যক্রম ২.২.১, আগামী ২০ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রথম প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	সদস্য-সচিব
৩.৪	কার্যক্রম ১.৬.১, আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সংক্রান্ত প্রথম কর্মশালার আয়োজন করতে হবে।	সদস্য-সচিব
৩.৫	কার্যক্রম ১.৩.১, আগামী ৩০ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে ন্যূনতম একটি সেবা ডিজিটালাইজের অংশ হিসেবে স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার বাস্তবায়ন করতে হবে।	সদস্য-সচিব ও সিস্টেম এনালিস্ট তদারকি করবেন
৩.৬	কার্যক্রম ১.১.১, আগামী ৬ মার্চ ২০২২ তারিখের মধ্যে একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করতে হবে।	কমিটি
৩.৭	কার্যক্রম ২.২.৫, আগামী ৩০ মে ২০২২ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে দেশে-বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করতে হবে।	কমিটি
৩.৮	কার্যক্রম ২.২.২, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের উদ্ভাবনী কোডের (৩২৫৭১০৫) বরাদ্দকৃত অর্থ ৮০% ব্যয় করতে হবে।	সদস্য-সচিব
৩.৯	কার্যক্রম ১.৪.১, আগামী ২৬ আগস্ট ২০২১ তারিখে ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা আয়োজন করতে হবে।	সদস্য-সচিব
৩.১০	কার্যক্রম ১.২.১, আগামী ২৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে একটি সেবা সহজিকরণ করতে হবে এবং	সিস্টেম এনালিস্ট তদারকি করবেন
৩.১১	ইনোভেশন কমিটির সভার সিদ্ধান্ত শতভাগ অর্জন/বাস্তবায়ন করতে হবে।	কমিটির

০৪। সভার আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মহঃ শের আলী  
যুগ্মসচিব

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৪.১৮.১২২

তারিখ: ১১ ভাদ্র ১৪২৮

২৬ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ২) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) উপসচিব, অপারেশন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৬) সহকারি মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

৭) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৮) ব্যক্তিগত কর্মকর্তা, অপারেশন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ



মোছাম্মাৎ ফারহানা রহমান  
উপসচিব